# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭০৬

২৫/ আম্বিয়া

পরিচ্ছেদঃ আদম (আঃ) এর সৃষ্টিকথা

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ : أَخَذَ رَسُوْلُ اللهِ ﷺ بِيَدِي فَقَالَ خَلَقَ اللهُ التُّرْبَةَ يَومَ السَّبْتِ وَخَلَقَ فِيهَا الجِبَالَ يَومَ الأَحَدِ وَخَلَقَ الشَّجَرَ يَومَ الاِثْنَينِ وَخَلَقَ المَكْرُوهَ يَومَ الثُّلاَثَاءِ وَخَلَقَ النُّورَ يَوْمَ الأَربعَاءِ وَبَثَّ فِيهَا الدَّوابَّ يَومَ الخَمِيسِ وَخَلَقَ آدَمَ ﷺ بَعْدَ العَصْرِ مِنْ يَومِ الجُمُعَةِ في آخرِ الخَلْقِ فِي آخِرِ سَاعَةٍ مِنَ النَّهَارِ فِيمَا بَيْنَ العَصْرِ إِلٰى اللَّيْلِ

رواه مسلم

বাংলা

(২৭০৬) আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (একদা) আমার হাত ধরে বললেন, আল্লাহ তাআলা শনিবার যমীন সৃষ্টি করেছেন, রবিবার তার মধ্যে পর্বতমালা সৃষ্টি করেছেন। সোমবার সৃষ্টি করেছেন গাছ-পালা। মঙ্গলবার মন্দ বস্তু সৃষ্টি করেছেন। বুধবার আলো সৃষ্টি করেছেন। তাতে (যমীনে) জীবজন্তুছড়িয়েছেন বৃহস্পতিবার। আর সমস্ত জিনিস সৃষ্টি করার পর পরিশেষে জুমআর দিন আসরের পর দিনের শেষভাগে আসর ও রাতের মাঝামাঝি সময়ে (আদি পিতা) আদম (আঃ)কে সৃষ্টি করেছেন।

ফুটনোট

(মুসলিম ৭২৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66454

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন